

বিচারবিভাগীয় আপীলসমূহ

ক্ষুদ্র দাবিগুলির মূল্যায়ন পর্যালোচনা [SMALL CLAIMS ASSESSMENT REVIEW (SCAR)]

ক্ষুদ্র দাবিগুলির মূল্যায়ন পর্যালোচনা একটি প্রক্রিয়া যা সম্পত্তির মালিকদেরকে তাদের ভূসম্পত্তির মূল্যায়নকে চ্যালেঞ্জ করার সুযোগ দেয়। এটি প্রথাগতভাবে করের মামলার নথিপত্র উচ্চতর আদালতে পাঠানোর কার্যধারার একটি কম খরচের এবং অধিক প্রথা-বহির্ভূত বিকল্প। ভূসম্পত্তি কর আইন (Real Property Tax Law) এর ধারা 730-এ দেওয়া বৃপরেখা অনুসারে, সম্পত্তির মালিকগণ \$30 ফি দিয়ে একজন বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত আধিকারিকের কাছে তাদের সম্পত্তির মূল্যায়নের পর্যালোচনার জন্য আদালতের কাছে আবেদন জানাতে পারেন।

কারা SCAR আবেদন দায়ের করতে পারেন?

আপনি একটি কেবলমাত্র বসবাসের জন্য ব্যবহৃত এক-, দুই-, বা তিন-পরিবারের বাসা অথবা করের শ্রেণী 1 এর অধীনস্থ মালিকের অধিকৃত কন্ডোমিনিয়ামের মালিক হলে আপনি একটি SCAR আবেদন দায়ের করতে পারেন।

প্রধান তারিখগুলি কী কী?

আপনার আবেদনটি 25 শে অক্টোবর বা তার আগে আপনার উপস্থিতিতে পূর্ণ বা তাতে ডাকঘরের সীলমোহর পড়া আবশ্যিক।

ধারা 7 কার্যধারা কাকে বলে?

ভূসম্পত্তির কর আইনের ধারা 7 অনুসারে, আপনি আপনার সম্পত্তির মূল্যায়নের একটি বিচারবিভাগীয় পর্যালোচনার অনুরোধ জানাতে পারেন। এই কার্যধারা আরম্ভ করতে হয় কাউন্টি ক্লার্কের দপ্তরে একটি আবেদনের বিজ্ঞপ্তি দায়ের করে।

বাড়ির মালিকদের কর সুবিধাগুলি (HTB) কী কী?

বাড়ির মালিকদের কর সুবিধাগুলি হল সেই ছাড় বা নিষ্কৃতিসমূহ যোগুলি আপনার সম্পত্তির করকে কমাতে পারে।

- প্রবীণ নাগরিক বাড়ির মালিকদের ছাড় (SCHE)
- প্রতিবন্ধী বাড়ির মালিকদের ছাড় (DHE)
- প্রাক্তন সৈনিকদের ছাড়
- অপরাধের শিকার প্রতিবন্ধী ও দয়ালু ব্যক্তিদের ছাড়
- যাজক/ধর্মগুরুদের ছাড়
- সমবায় ও কন্ডোমিনিয়াম নিষ্কৃতি
- প্রাথমিক বা বর্ধিত STAR*

*যে নতুন আবেদনকারীদের 2015-16 করবর্ষতে তাদের সম্পত্তির উপর STAR নেই অথবা যারা 15 ই মার্চ, 2015 এর পরে সম্পত্তি কিনেছেন, তাদের এখানে New York State এর কাছে দায়ের করা আবশ্যিক:
www.tax.ny.gov/star.

আমি কী করে জানব যে আমি যোগ্য এবং আমি কোথায় আবেদনপত্র পাবো?

বাড়ির মালিকদের এখানে অর্থবিভাগ (Department of Finance) এর কাছে আবেদন দায়ের করা ও কাগজপত্র জমা দেওয়া আবশ্যিক:
www.nyc.gov/ownerexemption

প্রধান তারিখগুলি কী কী?

1লা জুলাই তে সুবিধা পাওয়া আরম্ভ করতে HTB আবেদনপত্র(গুলি)-তে ও প্রয়োজনীয় নথিপত্রে 15 ই মার্চের মধ্যে ডাকঘরের সীলমোহর পড়া আবশ্যিক।

সম্পত্তির মূল্যায়নের আপীলসমূহ

আপনার অধিকার ও দায়িত্বসমূহ

করদাতাদের
আইনজীবীর
দপ্তর

nyc.gov/taxpayeradvocate

NYC

Department of Finance

OTA Property Assessment Appeals – Bengali

আপনাদের সম্পত্তির মূল্যের বিজ্ঞপ্তি (NOTICE OF PROPERTY VALUE, NOPV) এর মাঝের বর্ণনামূলক তথ্য ত্রুটিপূর্ণ মনে হলে আপনি কী করবেন

আপনার NOPV এর মাঝের বর্ণনামূলক তথ্য (যেমন, কত বর্গফুট, ভবনের শ্রেণী, ইত্যাদি) ত্রুটিপূর্ণ মনে হলে এখানে উপলব্ধ সম্পত্তির তথ্য আপডেট করার অনুরোধ (RTU) এর ফর্মটি পূরণ করুন:
www.nyc.gov/updatepropertydata

আমি একটি RTU আবেদন দায়ের করার পর কী হবে?

সম্ভাব্য মূল্যায়ন তালিকা প্রকাশ হওয়ার (15 ই জানুয়ারী) পরে ও চূড়ান্ত তালিকা প্রস্তুতের (25 শে মে) আগে অর্থবিভাগের সম্পত্তি শাখা RTU আবেদনগুলির পর্যালোচনা করবে। তথ্যে বদল হলে তা অর্থবিভাগের করা আপনার সম্পত্তির বাজারমূল্যের হিসাবকে প্রভাবিত করতে পারে, যদিও সেগুলি আপনার করসমূহ যে মূল্যায়ন করা মূল্যের উপর গণনা করা হচ্ছে তার উপর প্রভাব নাও ফেলতে পারে।

আপনি আপনার সম্পত্তির বাজার মূল্য ভুল আছে মনে করলে কী করতে হবে

সম্পত্তির মূল্যের ফর্মের পর্যালোচনার অনুরোধটি (RFR) সম্পূর্ণ করুন। বৈদ্যুতিন সংস্করণগুলি এখানে পাওয়া যাবে:
www.nyc.gov/updatepropertydata

আমি একটি RFR আবেদন দায়ের করার পর কী হবে?

সম্পত্তি শাখা পর্যালোচনার অনুরোধগুলি সম্ভাব্য মূল্যায়ন তালিকা প্রকাশ হওয়ার (15 ই জানুয়ারি) পরে ও চূড়ান্ত তালিকা প্রস্তুতের (25 শে মে) আগে পর্যালোচনা করবে। RFR-গুলি অনুমোদিত হলে সমন্বিত মূল্যগুলি চূড়ান্ত তালিকায় প্রতিফলিত হবে।

“পর্যালোচনা” কথাটির অর্থ কী?

পর্যালোচনা হল করদাতাদের জন্য অর্থবিভাগের দ্বারা পুনর্মূল্যায়ন করা একটি সিদ্ধান্ত বা ফলাফল পাওয়ার আরেকটি সুযোগ।

প্রধান তারিখগুলি কী কী?

আপনাকে আপনার পর্যালোচনা অবশ্যই প্রযোজ্য সময়সীমার মধ্যে দায়ের করতে হবে:

- 1ম শ্রেণীর কর: 15 ই মার্চ
- করের শ্রেণী 2 ও 4: 1লা এপ্রিল*

*শেষ তারিখ যদি সপ্তাহান্তে বা ছুটির দিনে হয় তাহলে তার পরের কর্মদিবসটিকে শেষ তারিখ হিসেবে গণ্য করা হবে। উদাহরণস্বরূপ, 2018 এর সময়সীমা হল 2 রা এপ্রিল।

আমি কী ফর্মটি ডাকযোগে পাঠাতে পারি?

এখান থেকে RFR আবেদনটি ডাউনলোড করুন ও ডাকযোগে পাঠান:
www.nyc.gov/updatepropertydata

আপনার NOPV এর উপর মূল্যায়ন করা মূল্যের সঙ্গে সহমত না হলে আপনি কী করবেন

আপনি আপনার সম্পত্তির মূল্যায়ন করা মূল্যের সঙ্গে দ্বিমত হলে আপনি NYC ট্যাক্স কমিশন (Tax Commission) এর কাছে আপীল করতে পারেন।

NYC ট্যাক্স কমিশন (TAX COMMISSION) কী?

ট্যাক্স কমিশন হল অর্থবিভাগের দ্বারা স্থির করা City of New York এর ভূসম্পত্তি করের মূল্যায়নের স্বাধীন প্রশাসনিক পর্যালোচনা করার বিচারালয়।

ট্যাক্স কমিশন কী করতে পারে?

ট্যাক্স কমিশন আপনার সম্পত্তির মূল্যায়ন কমাতে পারে, এর শ্রেণী বদলাতে পারে অথবা আপনার ছাড়গুলি সমন্বিত করতে পারে।

আমাকে কোন ফর্মটি দায়ের করতে হবে?

আপনার মূল্যায়ন করা মূল্য সংশোধনের আবেদন করতে নিম্নলিখিত ফর্মগুলি ব্যবহার করুন:

- 1ম শ্রেণীর কর: ফর্ম TC 108
- করের শ্রেণী 2 বা 4 (কন্ডো নয় এমনগুলি): ফর্ম TC 101
- করের শ্রেণী 2 বা 4 (কন্ডোগুলি): ফর্ম TC 109

ডাউনলোডগুলির জন্য নিম্নলিখিত লিংকটি দেখুন:
www.nyc.gov/html/taxcomm

প্রধান সময়সীমাগুলি কী কী?

ট্যাক্স কমিশনের এর দ্বারা স্থির করা মূল্য সংশোধনের জন্য আপনার আবেদন গ্রহণ করা আবশ্যিক:

- 1ম শ্রেণীর কর: 15 ই মার্চ
- করের শ্রেণী 2 ও 4: 1লা মার্চ

আপনি অর্থবিভাগ থেকে প্রত্যাখ্যানের বিজ্ঞপ্তি পাওয়ার 15 দিনের মধ্যে আপনার কর ছাড়ের আবেদন প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপীল করতে পারেন।

